

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১০৯৩

৮/ সিয়াম

পরিচ্ছেদঃ প্রত্যেক মাসে তিনটি করে সিয়াম রাখা মুস্তাহাব

আরবী

وَعَنْ أَبِيْ هُرَيْرَةَ قَالَ: أَوْصَانِي خَلِيلِي عَلَيْ اللَّهِ بِثَلاَثِ: صِيَامِ ثَلاَثَةِ أَيَّامٍ مِنْ كُلِّ شَهْرٍ وَرَكْعَتَى الضُّحَى وَأَنْ أُوتِرَ قَبْلَ أَنْ أَنَامَ مَتَفَقٌ عَلَيْهِ

বাংলা

প্রতি মাসে শুরু পক্ষের ১৩, ১৪ ও ১৫ তারীখে সিয়াম পালন করা উত্তম। অন্য মতে ১২, ১৩, ও ১৪ তারীখে। প্রথমোক্ত মতটিই প্রসিদ্ধ ও বিশুদ্ধ।

(১০৯৩) আবূ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেন, আমার অন্তরঙ্গ বন্ধু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে তিনটি কাজের অসিয়ত করেছেন; প্রত্যেক মাসে তিনটি করে সিয়াম পালন করা। চাশতের দু' রাকআত নামায আদায় করা এবং নিদ্রা যাবার পূর্বে বিতর নামায পড়া।

ফুটনোট

(বুখারী ১১৭৮, মুসলিম ১৭০৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন